# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭
# বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১। **সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫০ = ৫০

১. **মনের একাগ্রতা বৃদ্ধি পায়–**
(ক) পূজায় (খ) কীর্তনে (গ) ধ্যানে (ঘ) জপে

২. **চড়কপূজা নিচের কোন উৎসবের সাথে সম্পর্কযুক্ত?**
(ক) মহালয়া (খ) দোলযাত্রা (গ) চৈত্রসংক্রান্তি (ঘ) রথযাত্রা

৩. **পাণ্ডবেরা রাজত্ব ছেড়ে ব্রাহ্মণের বাড়িতে শরণার্থী হয়েছিল–**
(ক) মায়ের আদেশ পালন করতে (খ) রাজকার্য থেকে মুক্ত হতে
(গ) যুদ্ধের জন্য প্রস্তুতি নিতে (ঘ) কৌরবদের শর্ত পালনে

৪. **স্বামী বিবেকানন্দের শিকাগো বক্তৃতায় প্রাধান্য পায়–**
(ক) সব ধর্মমতকে শ্রদ্ধা (খ) সুন্দর ইংরেজি বল
(গ) হিন্দুধর্মের বিশালতা (ঘ) হিন্দুধর্মের শ্রেষ্ঠত্ব

৫. **ঈশ্বরের নিকটে তুমি নিয়মিত প্রার্থনা কর, কারণ প্রার্থনা–**
(ক) শান্তি দেয় (খ) উপাসনার অঙ্গ
(গ) ধৈর্য বৃদ্ধি করে (ঘ) বিপদ থেকে রক্ষা করে

৬. **শ্রীকৃষ্ণ ও অর্জুনের কথোপকথন বর্ণিত রয়েছে–**
(ক) বেদে (খ) গীতায় (গ) চণ্ডীতে (ঘ) উপনিষদে

৭. **মতভেদ থাকা সত্ত্বেও সকল ধর্মের মানুষ মিলেমিশে বাস করে, কারণ সকল ধর্মেই রয়েছে–**
(ক) উপাসনালয় (খ) উপাসনা পদ্ধতি (গ) মানবতার শিক্ষা (ঘ) স্বর্গলাভের উপায়

৮. **স্বামী প্রণবানন্দ এর আদর্শ অনুসরণ করে তুমি করবে–**
(ক) সমাজ সংস্কার (খ) মানবসেবা (গ) তীর্থযাত্রা (ঘ) ধর্ম প্রচার

৯. **জীবনে মোক্ষলাভ হয়–**
(ক) নিত্যকর্মের ফলে (খ) সকাম কর্মের ফলে
(গ) প্রাতঃকর্মের ফলে (ঘ) নিষ্কাম কর্মের ফলে

১০. **জন্মভূমিকে আমরা ভালোবাসি কারণ জন্মভূমি আমাদের–**
(ক) মায়ের মতো (খ) উপযুক্ত বাসস্থান
(গ) বেঁচে থাকার আশ্রয় (ঘ) স্বর্গের চেয়েও বড়

Teachingbd24.com

https://teachingbd24.com

১১. আমরা যখন পরস্পরের প্রতি শ্রদ্ধাশীল হই, তখন প্রকাশ পায়—
(ক) সহমর্মিতা (খ) সহযোগিতা (গ) উদারতা (ঘ) সম্প্রীতি

১২. আমরা ঈশ্বরের স্তবস্তুতি করি—
(ক) প্রথা হিসেবে (খ) জীবন রক্ষা করতে
(গ) ভালো ফলের আশায় (ঘ) করুণা লাভের আশায়

১৩. ধর্মীয় সাম্য বজায় রাখতে হলে প্রয়োজন—
(ক) আড়ম্বরপূর্ণ ধর্মীয় অনুষ্ঠান
(খ) সকল ধর্মাবলম্বীর প্রতি সমতার দৃষ্টি
(গ) নিজ ধর্ম পালন করা
(ঘ) ধর্ম প্রচারকগণকে সম্মান করা

১৪. স্বামীজী মার্গারেটের নাম দিলেন 'নিবেদিতা' কারণ তিনি ছিলেন—
(ক) আদর্শে অটল (খ) গুরুর অনুগত
(গ) কাজে নিবেদিত (ঘ) দুস্থদের সেবক

১৫. রোহিত পুষ্পাঞ্জলির সময় বিদ্যাদেবীর নিকট প্রার্থনা করে—
(ক) ধন (খ) শক্তি (গ) সুখ (ঘ) জ্ঞান

১৬. বৈদিক যুগে স্বর্গলাভের জন্য করা হতো—
(ক) যাগযজ্ঞ (খ) মূর্তিপূজা (গ) নামসংকীর্তন (ঘ) দান-দক্ষিণা

১৭. অহিংস ব্যক্তি কখনও কখনও যে কাজটি করে না—
(ক) ক্ষমা (খ) হিংসা (গ) মঙ্গল (ঘ) উপকার

১৮. তোমার বিদ্যালয়ে স্টুডেন্ট কাউন্সিল নির্বাচনে তুমি একজন প্রার্থী। ভোটে জয়ী হওয়ার জন্য তুমি কী করবে?
(ক) ভোট চাইব (খ) নীরবতা পালন করব
(গ) ভালো কাজের প্রতিজ্ঞা করব (ঘ) সকলের সহযোগিতা চাইব

১৯. আমরা ব্রহ্মজ্ঞানে সেবা করব—
(ক) শিক্ষাগুরুকে (খ) দীক্ষাগুরুকে (গ) পিতামাতাকে (ঘ) সকল জীবকে

২০. তুমি সকল ধর্মাবলম্বীর প্রতি শ্রদ্ধাশীল, কারণ—
(ক) পুণ্যলাভের জন্য (খ) ধর্ম মানুষকে রক্ষা করে
(গ) লোকের কল্যাণের জন্য (ঘ) সকল ধর্মের মূলকথা এক

২১. সমাজে সাম্য প্রতিষ্ঠা করার ক্ষেত্রে তোমার করণীয়, সবাইকে—
(ক) সমানভাবে দেখা (খ) আপন করে ভাবা
(গ) শ্রদ্ধা করা (ঘ) ভালোবাসা

২২. সমাজে কোন কাজের মাধ্যমে তুমি ঈশ্বরের সেবা করছ এটি প্রকাশ করবে—
(ক) কীর্তন করে (খ) পূজা করে
(গ) জনসেবা করে (ঘ) ধ্যান করে

Teachingbd24.com

২৩. তোমার বন্ধু অমল হিন্দুধর্ম বিষয়ে দুর্বল। বন্ধুর জন্য তুমি কর—
(ক) তাকে সাথে নিয়ে পড়ি (খ) ধর্ম বিষয়ে গল্প পড়তে বলি
(গ) শিক্ষকের নিকট যেতে বলি (ঘ) ধর্মীয় গুরুর নিকট যেতে বলি

২৪. বিদ্যালয়ে কোন কাজের মাধ্যমে তুমি দেশপ্রেম প্রকাশ কর?
(ক) খেলাধুলা (খ) শরীরচর্চা
(গ) শ্রেণিকক্ষের কাজে (ঘ) জাতীয় সংগীত গাওয়া

২৫. ব্রহ্মচারী হিসেবে নিজেকে পরিচিত করতে তুমি কর—
(ক) সংযম (খ) ধর্মরক্ষা
(গ) মানবিকতা প্রদর্শন (ঘ) মানুষকে ভালোবাসা

২৬. ভবিষ্যতে দেশসেবার লক্ষ্যে এখন থেকে তুমি বিদ্যালয়ে অনুশীলন কর—
(ক) দৈনিক সমাবেশ (খ) ধর্মীয় অনুষ্ঠান
(গ) ক্রীড়া প্রতিযোগিতা (ঘ) বিতর্ক প্রতিযোগিতা

২৭. সকলের ভালোবাসা অর্জনের জন্য তুমি কর—
(ক) সত্যকথা বলি (খ) ধর্ম পালন করি
(গ) পড়াশোনা করি (ঘ) শিষ্টাচার মেনে চলি

২৮. সমবয়সিদের প্রতি তুমি প্রদর্শন কর—
(ক) শ্রদ্ধা (খ) স্নেহ (গ) করুণা (ঘ) সৌজন্য

২৯. শ্রেণিকক্ষে সকলের সাথে ভালো সম্পর্ক গড়ে তুলতে তুমি কর—
(ক) শ্রদ্ধা করি (খ) ভালোবাসি (গ) আপন করে ভাবি (ঘ) সমানভাবে দেখি

৩০. 'মনকে নিয়ন্ত্রণ করে ধর্মসাধনা করতে হয়'— এজন্য তুমি অনুশীলন কর—
(ক) পূজা অর্চনা (খ) উপবাস (গ) যোগব্যায়াম (ঘ) পরিমিত আহার

৩১. শ্রেণিকক্ষে দেখলে দুজন সহপাঠী তোমার এক বন্ধু সম্পর্কে সমালোচনা করছে, এক্ষেত্রে তুমি কর—
(ক) বন্ধুকে বলে দেই (খ) বিষয়টি এড়িয়ে যাই
(গ) নিজেও এতে যোগ দেই (ঘ) সমালোচনা করতে নিষেধ করি

৩২. গৃহের মঙ্গলের জন্য সন্ধ্যাবেলায় তুমি কর ঈশ্বরের—
(ক) স্তব (খ) স্তুতি (গ) ধ্যান (ঘ) উপাসনা

৩৩. সৎপথে জীবন পরিচালিত করার জন্য তুমি কর—
(ক) ধর্ম পালন (খ) জ্ঞান অর্জন (গ) বিজ্ঞান চর্চা (ঘ) সম্পদ আহরণ

৩৪. তোমার বন্ধু মন্দিরের কারুকাজ নষ্ট করছে, এক্ষেত্রে তোমার করণীয়—
(ক) নিষেধ করব (খ) নীরব থাকব (গ) অন্যত্র চলে যাব (ঘ) পুরোহিতকে বলব

৩৫. বন্ধুরা মিলে সরবে ঈশ্বরের গুণগান করতে চাও। এজন্য তোমরা কর—
(ক) জপ (খ) ধ্যান (গ) পূজা (ঘ) কীর্তন

https://teachingbd24.com

৩৬. তুমি পরীক্ষায় ভালো ফল করতে চাও। এমতাবস্থায় তুমি কর–
(ক) নিয়মিত ধ্যান (খ) আসন অনুশীলন
(গ) যোগব্যায়াম চর্চা (ঘ) নিয়মানুবর্তিতার অভ্যাস

৩৭. দেশপ্রেমিক হওয়ার জন্য নিচের কোন কাজটি তুমি কর?
(ক) দেশকে ভালোবাসি (খ) দেশের বই পড়ি
(গ) নিয়মিত পড়াশুনা করি (ঘ) শিক্ষকের কথা শুনি

৩৮. ছুটির একদিনে পথে হঠাৎ একজন শিক্ষকের সঙ্গে দেখা হলো। সে সময় তুমি কর–
(ক) লজ্জা পাই (খ) বিস্মিত হই (গ) সম্মান জানাই (ঘ) ভয় পেয়ে যাই

৩৯. নিজেকে একজন ভালো মানুষ হিসেবে পরিচিত করে তুলতে তুমি কর–
(ক) বড়দের শ্রদ্ধা (খ) শিশুদের স্নেহ
(গ) শিক্ষকদের সম্মান (ঘ) সকলের সাথে ভালো ব্যবহার

৪০. ইন্দ্রিয় নিয়ন্ত্রণে তুমি কর–
(ক) কম খাই (খ) লোভ সম্বরণ করি
(গ) অপরেরটা খাই না (ঘ) নিয়মিত যোগব্যায়াম করি

৪১. অতিথি ব্রাহ্মণরূপে কে এসেছিলেন?
(ক) ধর্মদেব (খ) বিষ্ণু (গ) শিব (ঘ) ইন্দ্র

৪২. ঈশ্বরের সাকাররূপ কী?
(ক) ভগবান (খ) দেবদেবী (গ) গ্রহ (ঘ) নক্ষত্র

৪৩. প্রহ্লাদের পিতার নাম কী?
(ক) হিরণ্যাক্ষ (খ) সত্যব্রত (গ) হিরণ্যকশিপু (ঘ) গৌতমবুদ্ধ

৪৪. 'বহুরূপে সম্মুখে তোমার ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর?'– কথাটি কে বলেছেন?
(ক) রামকৃষ্ণ পরমহংসদেব (খ) স্বামী বিবেকানন্দ
(গ) স্বামী লোকনাথানন্দ (ঘ) স্বামী পূর্ণানন্দ

৪৫. রাক্ষসকে মারতে কে গিয়েছিলেন?
(ক) অর্জুন (খ) ভীম (গ) নকুল (ঘ) সহদেব

৪৬. বেদ কয়খানা?
(ক) তিন (খ) চার (গ) পাঁচ (ঘ) ছয়

৪৭. স্বামী প্রণবানন্দের প্রকৃত নাম কী?
(ক) বিনোদ (খ) আনন্দ (গ) সদানন্দ (ঘ) বিবেকানন্দ

৪৮. মানুষে মানুষে মিলের একটি সূত্র হলো–
(ক) টাকা-পয়সা (খ) জনবল (গ) মনুষ্যত্ব (ঘ) রাজত্ব

৪৯. ব্রহ্মা, বিষ্ণু ও শিবের মাহাত্ম্য কোথায় প্রাধান্য পেয়েছে?
(ক) বেদে (খ) রামায়ণে (গ) পুরাণে (ঘ) মহাভারতে

https://teachingbd24.com

৫০. নারদকে বলা হয়–

(ক) দেবর্ষি (খ) শ্রুতর্ষি (গ) ব্রহ্মর্ষি (ঘ) মহর্ষি

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১ × ১৫ = ১৫

(ক) বশিষ্ঠ কে ছিলেন?

(খ) সমবেত উপাসনা করা যায় কীভাবে?

(গ) দরিদ্র ব্রাহ্মণ কীভাবে সময় কাটাতেন?

(ঘ) সম্প্রীতি প্রতিষ্ঠার জন্য আমাদের কী করতে হবে?

(ঙ) তুমি কেন নিয়মানুবর্তী হবে?

(চ) নিয়মিত আসন অনুশীলন কর কেন?

(ছ) নিরাকার ঈশ্বরকে কী বলা হয়?

(জ) পূজা-পার্বণে আল্পনা দেখে আমরা খুশি হই কেন?

(ঝ) মনকে প্রশান্ত করতে কী করা উচিত?

(ঞ) 'নৃসিংহ' বলতে কী বোঝ?

(ট) পান্ডবেরা বেঁচে গিয়ে কোথায় বাস করতেন?

(ঠ) শিষ্টাচার কাকে বলে?

(ড) 'অপরপক্ষ' বলতে কোন কোন পক্ষটিকে বোঝানো হয়েছে?

(ঢ) দেশপ্রেম বলতে কী বোঝায়?

(ণ) রাম কেন বনে গমন করেছিলেন?

৩। (ক) থেকে (জ) পর্যন্ত যেকোনো ছয়টি এবং (ঝ) ও (ঞ) থেকে যেকোনো একটিসহ মোট সাতটি প্রশ্নের উত্তর লেখ : ৫ × ৭ = ৩৫

(ক) "সৃষ্টিতেই স্রষ্টার আনন্দ" কেন? পাঁচটি কারণ উল্লেখ কর। ৫

(খ) সাকার উপাসনা কী? সাকার উপাসনার চারটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ১+৪ = ৫

(গ) দোলযাত্রা উৎসব কখন অনুষ্ঠিত হয়? তুমি কীভাবে দোলযাত্রা উৎসব উদযাপন কর তা চারটি বাক্যে লেখ। ১+৪ = ৫

(ঘ) "হিন্দুধর্মাবলম্বীদের নিয়মিত মন্ত্র ও শ্লোক পাঠ করা উচিত" কেন? এ সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

(ঙ) হিন্দুধর্মকে সনাতন ধর্ম বলা হয় কেন? এ সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

(চ) নিত্যকর্ম কী? আমরা কেন নিত্যকর্ম করব? নিত্যকর্ম অনুশীলনে আমরা কী সুফল পাই তিনটি বাক্যে উল্লেখ কর। ৫

(ছ) পৃথিবীর প্রধান চারটি ধর্মের নাম লেখ। তুমি মানুষকে কীভাবে ভালোবাসবে তা চারটি বাক্যে লেখ। ১+১+৩ = ৫

(জ) পরোপকার কী? তুমি কি পরোপকারী হতে চাও? তুমি কেন পরোপকারী হতে চাও সে সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১+১+৩ = ৫

(ঝ) যোগব্যায়াম কাকে বলে? যোগব্যায়ামের প্রয়োজনীয়তা চারটি বাক্যে লেখ। ১+৪ = ৫

(ঞ) পরমতসহিষ্ণুতা কাকে বলে? পরমতসহিষ্ণুতার গুরুত্ব চারটি বাক্যে লেখ। ১+৪ = ৫

https://teachingbd24.com